

ডকুমেন্ট লিগালাইজেশন বা সত্যয়ন

বাংলাদেশের কোন ডকুমেন্ট, যেমনঃ জন্ম সনদ, পাসপোর্টের কপি, শিক্ষাগত যোগ্যতার সনদ ইত্যাদি, পোল্যান্ড, ইউক্রেন ও মলদোভায় ভ্যালিড করার জন্য দূতাবাসের লিগালাইজেশন বা সত্যয়ন প্রয়োজন হয়। এর জন্য নিচের ধাপগুলো অনুসরণ করতে হবেঃ

০১। পোল্যান্ডে আনার পূর্বে ডকুমেন্ট বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে সত্যয়ন করতে হবে। এ দূতাবাস পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সত্যয়ন-এর উপর কাউন্টার স্বাক্ষর করবে মাত্র;

০২। পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সত্যয়নসহ ডকুমেন্টের স্ক্যান কপি দূতাবাসের ইমেইলে পাঠাতে হবে;

০৩। দূতাবাস পররাষ্ট্র মন্ত্রণালয়-এ ইমেইল পাঠিয়ে যাচাই করবে যে আসলেই সেই ডকুমেন্ট পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে সত্যয়ন করা হয়েছিল কিনা;

০৪। যদি দূতাবাস তথ্য পায় যে, আসলেই সেই ডকুমেন্ট পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে সত্যয়ন করা হয়েছিল, তাহলে দূতাবাস ফোন বা ইমেইলে সেবাপ্রার্থীকে সরকারী ফী পরিশোধ করে তার রিসিট ইমেইলে পাঠাতে বলবে;

০৫। ফী দূতাবাসের ব্যাংক একাউন্টে জমা হলে ডকুমেন্ট দূতাবাসে পাঠাতে বলা হবে। সরাসরি হাতে বা ডাকযোগে ডকুমেন্ট পাঠানো যাবে;

০৬। দূতাবাস সই ও সীল দিয়ে ডকুমেন্ট ফেরত দেবে। ডাকযোগে ডকুমেন্ট সংগ্রহ করা যাবে;

০৭। ডাকযোগে ডকুমেন্ট প্রেরণ/গ্রহণ করলে সকল ব্যবস্থা সেবাপ্রার্থীকেই করতে হবে এবং সকল দায়দায়িত্ব সেবাপ্রার্থীর থাকবে।